# ই - সংবাদ



## বিশালগড়ে বইমেলা শুরু

**বিশালগড়, ২৫ জানুয়ারী ।।** বিশালগড় ত্রয়োদশ বইমেলা গতকাল থেকে শুরু হয়েছে। অফিসটিলা যুবক সংঘ প্রাঙ্গণে আয়োজিত এই বইমেলা চলবে ২৮ জানুয়ারী পর্যন্ত। এবারের বইমেলাতে রয়েছে ২৩টি ষ্টল। গতকাল সন্ধ্যায় এক অনুষ্ঠানের মধ্য দিয়ে বইমেলার উদ্বোধন করেন রাজ্যের বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক ঋতেন চক্রবর্তী। বইমেলার উদ্বোধন করে তিনি বলেন, বই মানুষের মনকে জাগ্রত করে। তাই নব প্রজন্মকে আরো বেশী করে বইয়ের প্রতি আকৃষ্ট করতে হবে। বইমেলার উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিশেষ অতিথি ত্রিপুরা পাবলিশার্স গিল্ডের সম্পাদক রঘুনাথ সরকার ও অনুষ্ঠানের সভাপতি বিশালগড় দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের প্রধান শিক্ষক রঞ্জিৎ ভৌমিক। স্বাগত ভাষণ রাখেন বিশালগড় পুর পরিষদের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক জয়দীপ চক্রবর্তী। পাঁচ দিনব্যাপী বইমেলা উপলক্ষ্যে প্রতিদিন সন্ধ্যায় মেলার মুক্তমঞ্চে সাংস্কৃতিক অনুষ্ঠান, আলোচনা সভা ও কবি সম্মেলন অনুষ্ঠিত হবে।

## ধলাই জেলা ভিত্তিক বার্ষিক পুষ্প প্রদর্শনী

**আমবাসা, ২৫ জানুয়ারী ।।** হর্টিকালচারাল সোসাইটি অব ত্রিপুরা ধলাই চাপ্টারের উদ্যোগে প্রজাতন্ত্র দিবস উদযাপনের অঙ্গ হিসাবে গতকাল থেকে আমবাসা কালীবাড়ী নাট মন্ডপে ধলাই জেলা ভিত্তিক বার্ষিক পুষ্প প্রদর্শনী শুরু হয়েছে। এই পুষ্প প্রদর্শনী চলবে ২৬ জানুয়ারী পর্যন্ত। ধলাই জেলা উদ্যান ও ভূমি সংরক্ষণ কার্যালয়ের উপ-অধিকর্তা রাজীব ভট্টাচার্য প্রদীপ প্রজ্জ্বলন করে তিন দিনব্যাপী ধলাই জেলা ভিত্তিক বার্ষিক পুষ্প প্রদর্শনীর উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন সোসাইটির ধলাই জেলা চাপ্টারের সদস্য সত্যব্রত চক্রবর্তী, জেলা উদ্যান ও ভূমি সংরক্ষণ কার্যালয়ের সহ অধিকর্তা চন্দন কুমার বণিক, সহ অধিকর্তা বিশ্বজিৎ দাস প্রমুখ। তিন দিনব্যাপী ধলাই জেলা ভিত্তিক বার্ষিক পুষ্প প্রদর্শনীতে জেলার বিভিন্ন এলাকার ২৩ জন ফুলচাষী ৩৭৪টি বিভিন্ন প্রজাতির ফুল নিয়ে অংশ গ্রহণ করেছেন। প্রতিদিন বিকেল চারটা থেকে রাত আটটা পর্যন্ত পুষ্প প্রদর্শনী উন্মুক্ত থাকবে।

## রতিয়াবাড়ি: স্বাস্থ্য দপ্তরের বক্তব্য

**আগরতলা, ২৪ জানুয়ারী ।।** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের পক্ষ থেকে এক প্রেস রিলিজে জানানো হয়েছে, সরস্বতী পুজোর দিন (২২ জানুয়ারী, ২০১৮) কুমারঘাট ব্লকের অধীনে রতিয়াবাড়ি গ্রাম পঞ্চায়েতে সরস্বতী পুজোর চরণামৃতে গরুর দুধ মেশানো হয়। সেই গরুটি অস্বাভাবিক আচরণ করছিল।

ঘটনার পরিপ্রেক্ষিতে স্থানীয়ভাবে জলাতঙ্কের প্রতিষেধকের ব্যবস্থা করার দাবি জানানো হয়। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে সঙ্গে সঙ্গে চিকিৎসক সহ স্বাস্থ্যকর্মীরা এলাকায় ছুটে যান। আই জি এম হাসপাতাল থেকে জলাতঙ্ক রোগের প্রতিষেধক সংগ্রহ করা হয়েছে। ডিস্ট্রিক্ট রেসপন্স টিমও আজ ঘটনাস্থলে ছুটে যান। পরিস্থিতি সরেজমিনে খতিয়ে দেখতে স্টেট রেসপন্স টিম আগামীকাল কুমারঘাট যাচ্ছেন। এই ঘটনাকে ঘিরে অযথা আতঙ্কিত হবার কোনও কারণ নেই। প্রাণীসম্পদ বিকাশ দপ্তর থেকে গরুটির জলাতঙ্ক সংক্রান্ত স্পষ্টীকরণের পর প্রতিষেধক ও প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থাপনা রয়েছে।

## মেলাঘরে নেতাজী মেলা শুরু

**সোনামুড়া, ২৪ জানুয়ারী ।।** মেলাঘর কালীবাড়ি প্রাঙ্গণে শুরু হয়েছে চারদিন ব্যাপী নেতাজী মেলা। ১২২তম নেতাজী জন্মজয়ন্তী ও ৬৯তম প্রজাতন্ত্র দিবস উপলক্ষ্যে মেলাঘর পুর পরিষদের উদ্যোগে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এই উপলক্ষ্যে পুষ্প ও সব্জি প্রদর্শনী, বসে আঁকো, আলপনা আঁকো, ক্যুইজ, আবৃত্তি, সংগীত ও নৃত্য প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। আজ বিকেলে চারদিন ব্যাপী এই অনুষ্ঠানের উদ্বোধন করেন মেলাঘর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুজিত চক্রবর্তী। স্বাগত ভাষণ দেন মেলাঘর পুর পরিষদের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক অভিজিত দাস।

## বিলোনীয়ায় নেতাজী জন্মজয়ন্তী পালিত

**বিলোনীয়া, ২৪ জানুয়ারী ।।** যথাযোগ্য মর্যাদায় গতকাল বিলোনীয়াতে নেতাজী সুভাষ চন্দ্র বসুর জন্মজয়ন্তী পালন করা হয়। বিলোনীয়া পুর পরিষদ, তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং নেতাজী ক্লাবের উদ্যোগে আয়োজিত প্রভাত ফেরীর মধ্য দিয়ে কর্মসূচির সূচনা হয়। সকাল ৭টায় ওরিয়েন্ট কর্ণারে নেতাজীর মূর্তিতে এলাকার বিশিষ্ট ব্যক্তি এবং বিভিন্ন সংস্থার প্রতিনিধিগণ ফুল ও মালা দিয়ে নেতাজীকে শ্রদ্ধা জানান। সকাল ৮টায় শুরু হয় শোভা যাত্রা। নেতাজী ক্লাবের উদ্যোগে আয়োজিত এই শোভা যাত্রা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। মহকুমার বিভিন্ন বিদ্যালয়েও শ্রদ্ধার সঙ্গে নেতাজী জন্ম জয়ন্তী পালন করা হয়।

## জিরানীয়ায় পূর্ণরাজ্য দিবস পালিত

**জিরানীয়া, ২৪ জানুয়ারী ।।** জিরানীয়া মহকুমা প্রশাসন এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের যৌথ উদ্যোগে গত ২১ জানুয়ারী জিরানীয়ার অগ্নিবীণা হলে ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উদ্‌যাপন করা হয়। প্রদীপ প্রজ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের উদ্বোধন করেন জিরানীয়ার অতিরিক্ত মহকুমা শাসক আশীষ দত্ত। তিনি ত্রিপুরা পূর্ণরাজ্য দিবসের প্রেক্ষাপট তুলে ধরে বক্তব্য রাখেন। স্বাগত ভাষণ দেন জিরানীয়া নগর পঞ্চায়েতের কার্যনির্বাহী আধিকারিক ত্রিদিব সরকার। অনুষ্ঠানে মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের শিল্পীগণ এবং বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।

## বিধানসভা নির্বাচনঃ উদয়পুরে সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত

**উদয়পুর, ২১ জানুয়ারী ।।** আসন্ন বিধানসভা নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে গতকাল গোমতী জেলা শাসকের কনফারেন্স হলে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে এক সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে সভাপতিত্ব করেন গোমতী জেলার জেলা শাসক তথা জেলা নির্বাচন নিবন্ধন আধিকারিক র‍্যাভেল হেমেন্দ্র কুমার। বৈঠকে অতিরিক্ত জেলা শাসক অনিমেশ দাস, পুলিশ সুপার বিজয় দেববর্মা, উদয়পুর মহকুমা শাসক তথা রিটার্নিং অফিসার শুভাশীষ বন্দোপাধ্যায় উপস্থিত ছিলেন। সভায় রাজনৈতিক দলগুলির মধ্যে সি পি আই(এম), বিজেপি এবং আই এন সি দলের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। বৈঠকে জেলা শাসক র‍্যাভেল হেমেন্দ্র কুমার নির্বাচনী আচরণ বিধি, নির্বাচনী ব্যয় সংক্রান্ত ও আইন শৃঙ্খলা সম্পর্কে রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের অবহিত করেন এবং এই সমস্ত নির্বাচনী আচরণবিধি মেনে চলার জন্য তাদের প্রতি অনুরোধ জানান। তিনি আগামী ১৮ ফেব্রুয়ারী বিধানসভা নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সমস্ত রাজনৈতিক দলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

## বিধানসভা নির্বাচনঃ পেইড নিউজ নিয়ে গোমতী জেলায় সভা

**উদয়পুর, ২১ জানুয়ারী ।।** আসন্ন ত্রিপুরা বিধানসভা নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণ ভাবে সম্পন্ন করার লক্ষ্যে গোমতী জেলা নির্বাচন নিবন্ধন আধিকারিক তথা গোমতী জেলা শাসক র‍্যাভেল হেমেন্দ্র কুমারের সভাপতিত্বে গতকাল সন্ধ্যায় গোমতী জেলা শাসকের কনফারেন্স হলে বিভিন্ন সংবাদপত্র ও বৈদ্যুতিন প্রচার মাধ্যমের প্রতিনিধিদের নিয়ে নির্বাচন সংক্রান্ত পেইড নিউজ বিষয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় গোমতী জেলা নির্বাচন নিবন্ধন আধিকারিক র‍্যাভেল হেমেন্দ্র কুমার জানান, ভারতের নির্বাচন কমিশনের নির্দেশ অনুযায়ী গোমতী জেলায় মিডিয়া সার্টিফিকেশান এবং মনিটরিং কমিটি গঠন করা হয়েছে। এই কমিটি জেলার সমস্ত নির্বাচনী আইন ও আচরণবিধি তদারকী করবে। তিনি গোমতী জেলার সমস্ত সংবাদপত্র ও বৈদ্যুতিন প্রচার মাধ্যমের প্রতিনিধিদের প্রতি নির্বাচনী আইন এবং আচরণবিধি মেনে চলার উপর গুরুত্ব আরোপ করেন এবং প্রতিটি রাজনৈতিক দলের প্রতি নিরপেক্ষ থেকে তারা যেন সংবাদ পরিবেশন করেন। কোন রাজনৈতিক দলের বিজ্ঞাপন দিতে গেলে মিডিয়া সার্টিফিকেশন এবং মনিটরিং কমিটির অনুমতি নিয়ে যেন প্রচার করা হয়। তিনি জানান, গোমতী জেলায় মোট ৭টি বিধানসভা কেন্দ্র রয়েছে। সেগুলি হল ৩০-বাগমা(এসটি), ৩১-রাধাকিশোরপুর, ৩২-মাতাবাড়ী, ৩৩-কাকড়াবন-শালগড়া(এস সি) ৪১-অম্পিনগর(এসটি), ৪২-অমরপুর এবং ৪৩- করবুক-(এস টি) বিধানসভা কেন্দ্র। ৭টি বিধানসভা কেন্দ্রে মোট ভোটার রয়েছেন ৩,০৯,৯২০ জন। এরমধ্যে পুরুষ ভোটার ১,৫৬,৭৪৩ জন,মহিলা ভোটার ১,৫৩,১৭৭ জন। ভোট গ্রহণ কেন্দ্র রয়েছে ৩৯৫টি। সভায় উপস্থিত ছিলেন জেলা পুলিশ সুপার বিজয় দেববর্মা সহ সংশ্লিষ্ট কমিটির সদস্যগণ।

## সিস্টেমেটিক ভোটার এডুকেশন : সদর মহকুমায় সচেতনতামূলক কর্মসূচি

**আগরতলা, ২০ জানুয়ারী ।।** সদর মহকুমায় চতুর্থ পর্যায়ে সিস্টেমেটিক ভোটারস্ এডুকেশন নিয়ে সচেতনতামূলক কর্মসূচি চলছে। এই কর্মসূচিতে আগামী ২৯ জানুয়ারী থেকে ২ ফেব্রুয়ারী ২০১৮ পর্যন্ত মহকুমা এলাকার বিভিন্ন স্থানে সিস্টেমেটিক ভোটারস্ এডুকেশন এন্ড ইলেক্টোরাল পার্টিসিপেশন বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ অভিযান এবং বৈদ্যুতিন ভোটযন্ত্রে ভোটদান ও ভিভি প্যাট ব্যবহারের বিষয়ে প্রদর্শনীর আয়োজন করা হবে। ২৯ জানুয়ারী বেলা ১১টা থেকে দুপুর ২টা পর্যন্ত বিদ্যাসাগর বাজার/ যোগেন্দ্রনগর বাজারে, বিকেল ৪টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত আনন্দনগর বাজার/ মলয়নগর বাজারে, ৩০ জানুয়ারী বেলা ১১টা থেকে ২টা পর্যন্ত ওরিয়েন্ট চৌমুহনীতে, বিকেল ৪টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত রামঠাকুর সংঘ, জগহরিমুড়ায়, ৩১ জানুয়ারী বেলা ১১টা থেকে ২টা পর্যন্ত রামনগর রোড নং ৪, রামপুর, জয়নগর, বিকেল ৪টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত মঠচৌমুহনী বাজার এবং ভগবান ঠাকুর চৌমুহনীতে এই কর্মসূচি আয়োজিত হবে। এছাড়া, ১ ফেব্রুয়ারী বেলা ১১টা থেকে ২টা পর্যন্ত চন্দ্রপুর বাজারে, বিকেল ৪টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত তুলসীবতী মার্কেটে, ২ ফেব্রুয়ারী বিকেল ২টা থেকে ৪টা পর্যন্ত ডুকলী বাজারে এবং বিকেল ৪টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত মহেশখলা বাজারে উল্লেখিত বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ অভিযান ও প্রদর্শনী অনুষ্ঠিত হবে। সদর মহকুমার নির্বাচন নিবন্ধন আধিকারিক এই সংবাদ জানিয়েছেন।

## পালস পোলিও : শিল্প সংস্থাসমূহের কর্মীদের সবেতন ছুটি

**আগরতলা, ২০ জানুয়ারী ।।** ফ্যাক্টরী আইন ১৯৪৮ র আওতায় থাকা ত্রিপুরা সরকারের অধিগৃহীত শিল্প সংস্থাসমূহে কর্মরত কন্টিনজেন্ট লেবার, চা বাগান শ্রমিক, ইট ভাট্টার শ্রমিক, বিভিন্ন দোকান ও প্রতিষ্ঠানে কর্মরত সমস্ত কর্মীদের জন্য ২৮ জানুয়ারী ২০১৮ এবং ১১ মার্চ ২০১৮ সবেতন ছুটি ঘোষণা করা হয়েছে। সংশ্লিষ্ট ব্যক্তিরা ওই দুঞ্চদিন যাতে তাদের শিশুদের পার্শ্ববর্তী পালস পোলিও বুথে গিয়ে পালস পোলিওর ডোজ খাওয়াতে পারেন সেজন্য এই ছুটি ঘোষণা করা হয়েছে। রাজ্য সরকারের সাধারণ প্রশাসন দপ্তরের পক্ষ থেকে এক বিবৃতিতে এই সংবাদ জানানো হয়েছে।